গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভান্ডারিয়া, পিরোজপুর
www.bhandaria.pirojpur.gov.bd

উপজেলা আইসিটি বিষয়ক কমিটি জুলাই/১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ নাজমুল আলম, উপজেলা নির্বাহী অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ ও সময়	:	২৩ জুলাই, ২০১৯ খ্রিঃ, বেলা ১১.০০ টা।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, উন্নত দেশের মত প্রযুক্তির উপযুক্ত ব্যবহার ও দেশের অব্যহত উন্নয়ন নিশ্চিত করার জন্য তথ্য প্রযুক্তি সম্পর্কিত গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে উপজেলা আইসিটি কমিটি গঠন করা হয়েছে। এক্ষেত্রে উপজেলা আইসিটি বিষয়ক কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

১. **ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:**

১.১: **উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী প্রোগ্রামার কর্তৃক পরিদর্শন/দর্শন:**

ক্রমিক	কর্মকর্তার পদবী	শেখ রাসেল ডিলিটাল ল্যাব পরিদর্শন	ইউডিসি পরিদর্শন
০১	উপজেলা নির্বাহী অফিসার	০ টি	১ টি
০২	সহকারী প্রোগ্রামার	৩ টা	১ টি

২. **সভার আলোচনা এবং সিদ্ধান্ত:**

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভাঃ ক) আইসিটি অধিদপ্তরের স্মারক নং-৫৬.০৪.০০০০.০০০৩.০৯.০০২.১৭-৯২৬; তারিখঃ ১৬ জুলাই ২০১৯ উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান করতে হবে এবং আহবানকৃত সভার নোটিশ ও কার্যবিবরণী আবশ্যিকভাবে জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত স্থায়ী কমিটির মাননীয় সদস্যসহ একাদশ জাতীয় সংসদের অন্যান্য সকল মাননীয় সদস্যের নিকট এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রধান কার্যালয় (ই-নথি এবং ইমেইল-ictcommitteereport@gmail.com) প্রেরণ করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৪ জুলাই ২০১৯ খ্রিঃ তারিখের ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নে বর্নিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি আইসিটি বিষয়ক উপজেলা কমিটি গঠন	জেলা আইসিটি কমিটি জুলাই/২০১৯ মাসের সভার সিদ্ধান্ত ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্দেশনা অনুসারে উপজেলা আইসিটি কমিটি গঠনের সিদ্ধান্ত হয়।	উপজেলা নির্বাহী অফিসার এবং সহকারী প্রোগ্রামার।

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
	করার নির্দেশনা রয়েছে।		
২.২	<u>উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্যঃ</u> ডিজিটাল বাংলাদেশ তথা রূপকল্প-২০২১ বাস্তবায়নে সকল তথ্য এক ঠিকানায়-এই লক্ষ্যকে সামনে রেখে জাতীয় তথ্য বাতায়ন তৈরি করা হয়েছে। উপজেলা ওয়েব পার্টালের রির্পোটে দেখা যায় যে, উপজেলা প্রশাসন ওয়েব পোর্টাল সমষ্টিগত ১০০% সম্পূর্ণ। এছাড়া উপজেলা পোর্টালে সংযুক্ত দফতর সমূহের সমষ্টিগত রিপোর্টে দেখা যায় ৮৬.৮৫% সমাপ্ত এবং ১৩.১৫ % অসমাপ্ত। উল্লিখিত উপেজেলা পোর্টালের কনটেন্ট নিয়মিত হালনাগাদ করা।	উপজেলা ও ইউনিয়ন পোর্টালে সংযোজিত দপ্তরসমূহ সকল অসম্পূর্ণ তথ্য হালনাগাদ করার জন্য সকল দপ্তরকে নিজ নিজ কর্মচারীদের নিযুক্ত করার সিদ্ধান্ত হয়।	স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান, উপজেলা নির্বাহী অফিসার ও কারিগরী সহায়তায় সহকারী প্রোগ্রামার।
	<u>উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ওয়েব পোর্টালের তথ্যঃ</u> উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ওয়েব পোর্টালের তথ্য রিপোর্ট অনুযায়ী ১০০% সম্পূর্ণ। নিয়মিত ভাবে নোটিশ, খবর ওয়েব সাইটে প্রকাশ করা।	নিয়মিত ভাবে নোটিশ, খবর এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সংবাদ ওয়েব সাইটে প্রকাশ করার সিদ্ধান্ত হয়।	সহকারী প্রোগ্রামার
২.৩	<u>ডিজিটাল সেন্টার সংক্রান্তঃ</u> ইউনিয়ন ডিজিটাল সেন্টারে কর্মরত উদ্যোক্তা নিয়মিত রিপোর্ট আপলোড করে কিনা তা মনিটরিং এবং কারিগরি সহয়তা প্রদান করা।	সহকারী প্রোগ্রামার নিয়মিত ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করবেন।	সহকারী প্রোগ্রামার।
২.৪	<u>ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ</u> একটি আধুনিক, দক্ষ এবং সেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে সরকারি কাজে তথ্য-প্রযুক্তি ব্যবহার লক্ষ্যে সরকারি দপ্তরের ই-ফাইল (নথি) ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধির বিষয় আলোচনা হয়। উপজেলা ভুমি অফিস ই-নথি সিষ্টেমে লাইভে স্থানান্তর করা হয়েছে জানিয়ে সহকারী প্রোগ্রামার বিষয়টি নিশ্চিত করেন।	সকল দাপ্তরিক চিঠিপত্র ই-ফাইলিং সিস্টেমে নিষ্পত্তি করতে হবে। উপজেলা আইসিটি কমিটির সভায় ই-নথি কার্যক্রমের উপর নিয়মিত পর্যালোচনা করতে হবে। যে সকল দপ্তরের ই-নথি সিস্টেম চালু আছে সেসকল দপ্তরের পারফরমেন্স বৃদ্ধি করতে হবে।	সহকারী প্রোগ্রামার।
২.৫	<u>জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত:</u> সরকারি প্রতিষ্ঠানে 'সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা ২০১৬' এর আলোকে সঠিক ফেসবুক পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের 'সামাজিক যোগাযোগ' সাব-মেনুতে সংযুক্ত করার নির্দেশনা রয়েছে। এছাড়া ফেসবুক ব্যবহারে নীতিমালা অনুসরন ও নিরাপত্তার বিষয় সহকারী প্রোগ্রামার সদস্যদের অবগত করেন।	সকল দপ্তরের ফেসবুক পেজ খুলতে হবে এবং উক্ত পেজের লিংকসমূহ ওয়েব পোর্টালের 'সামাজিক যোগাযোগ' সাব-মেনুতে সংযুক্ত করার বিষয়টি নিশ্চিত করতে হবে	স্ব-স্ব দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার।
২.৬	<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব (SRDL) পরিদর্শন সংক্রান্ত:</u> ভান্ডারিয়া উপজেলায় ০৮ (আট) টি শিক্ষা প্রতিষ্ঠানে SRDL স্থাপিত আছে। আর নতুন ল্যাব কিভাবে স্থাপন করা যায় এই মর্মে আলোচনা হয়।	নতুন ল্যাব স্থাপন করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে আবেদনের সিদ্ধান্ত হয় এবং নিয়মিতভাবে শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরদর্শণ করতে হবে।	শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার।

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.৭	<u>ন্যাশনাল নেটওয়ার্কের ব্যবহার:</u> উপজেলা পর্যায়ে ইনফো সরকার ২ প্রকল্পের মামলা চলমান থাকায় সরকারী অফিস সমূহ ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহার করতে পারছে না। সহকারী প্রোগ্রামার অবগত করেন ইনফো সরকার ফেইজ-৩ প্রকল্পের মাধ্যমে ভান্ডারিয়া ইউনিয়ন পরিষদে ইন্টারনেট সংযোগের প্রক্রিয়া চলমান।	ইন্টারনেট উপযুক্ত ব্যবহারে সবাইকে সচেতন হওয়ার নির্দেশ প্রদান করেন। সংযুক্ত সকল দফতর সার্বক্ষনিক ইন্টারনেট পাচ্ছে বলে জানায়।	স্ব-স্ব দপ্তর এবং সহকারী প্রোগ্রামার।

সভাপতি সকলের সুচিন্তিত মতামত ব্যক্ত করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার যে সকল কার্যক্রম গ্রহণ করেছে তা মাঠ পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও তিনি ডিজিটাল সেন্টার থেকে স্বল্প মূল্যে কম্পিউটার প্রশিক্ষণ ও সেবা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। পরিশেষে, ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ নাজমুল আলম)
উপজেলা নির্বাহী অফিসার
ভান্ডারিয়া, পিরোজপুর
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি।

স্মারক নং-৫৬.০৪.৭৯১৪.০০০.০৬.০০৩.১৯-০০৭

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
২৮ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. জেলা প্রশাসক, পিরোজপুর।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি), পিরোজপুর।
৬. উপজেলা চেয়ারম্যান, ইন্দুরকানী, পিরোজপুর।
৭. ....., উপজেলা আইসিটি কমিটি, সদস্য।

(বিপ্লব চন্দ্র দেবনাথ)
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
ও
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।